তৃণমূলকে ভাঙা যাবে না: মমতা

আজকালের প্রতিবেদন

তৃণমূলের বিধায়ক, সাংসদদের ভয় দেখানো হচ্ছে। কোথাও টাকা দেওয়া হচ্ছে। এ সব করে তৃণমূলকে ভাঙা যাবে না। বাংলার মানুষের মাথা নত করানো যাবে না। সোমবার, ফেসবুক লাইভে বিজেপির সমালোচনা করে এ কথা বলেছেন তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জি। তৃণমূল নেত্রী ও প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ মঙ্গলবার রানি রাসমণি রোডে বিক্ষোভ সমাবেশের ডাক দিয়েছেন। পুনর্বাসন না দিয়ে হকার ফেসবুক লাইভে তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জি বিজেপির কড়া সমালোচনা করে বলেছেন, তৃণমূল কংগ্রেসকে ভাঙার জন্য কাউকে টাকা দিচ্ছে, কাউকে ইডি, সিবিআইয়ের ভয় দেখাচ্ছে। কথা বলতে দেওয়া হচ্ছে না। প্রশাসন সন্ত্রাস চালাচ্ছে। এমন অন্ধকার হিটলার, চেসেস্কুর সময়েও হয়নি। এরা গোয়েবেলসের থেকেও বেশি অপপ্রচার চালাচ্ছে। তৃণমূলের মিটিং যতই ভাঙার চেষ্টা করুন, জেনে রাখুন, তৃণমূল আরও শক্তিশালী হবে। পুলিশ দিয়ে রাষ্ট্রীয় সন্ত্রাস চালানো হচ্ছে।

আজ বিক্ষোভ, সমাবেশ

উচ্ছেদ, দলের কর্মী–সমর্থকদের গ্রেপ্তার, হুমকি, পার্টি অফিস ভাঙচুর এবং কর্মী খুন ইত্যাদির প্রতিবাদে এই বিক্ষোভ সমাবেশ। তিনি স্পষ্ট জানিয়েছেন, আমাদের রানি রাসমণি রোডে সমাবেশ করতে পুলিশ অনুমতি দিচ্ছে না। আমরা রাস্তায় বসব, ধর্না হবে। আমাকে যেখানে আটকাবে, আমি সেখানে বসব। গ্রেপ্তার করলে করুন। আমাদের ১০ হাজার কর্মী–সমর্থককে গ্রেপ্তার করা হয়েছে। বাংলায় গণতান্ত্রিক আন্দোলন করতে না দেওয়া হলে, দিল্লি গিয়ে আন্দোলন করব। আমাকে ছেড়ে রাখলে আপনাদের বিপদ। আমি মাথা নত করি না। আমি ২টোর মধ্যে রানি রাসমণি রোডে পৌঁছোব। মারলে মার খাব, গ্রেপ্তার করলে গ্রেপ্তার হব। এদিন দিল্লির ক্ষমতা নিয়ে আপনারা এখানে ক্ষমতা দেখাচ্ছেন। আমাদের ১২ জন কর্মী মারা গেছেন। কাউন্সিলর আত্মঘাতী হয়েছেন।

এদিন তাঁর দীর্ঘ রাজনৈতিক জীবনে যে সমস্ত ঘটনায় তিনি আন্দোলনে নেমেছিলেন সেগুলির প্রসঙ্গ আনেন। তৃণমূল নেত্রী বলেছেন, দুর্বল মানুষের ওপর দমন পীড়ন হচ্ছে। পুনর্বাসন না দিয়ে হাজার হাজার মানুষের দোকান ভাঙা হচ্ছে। তপসিয়ায় বাড়ি ভাঙা হচ্ছে। হাওড়া–শিয়ালদা–পার্ক সার্কাস— সর্বত্র বুলডোজার রাজ চলছে। তৃণমূল নেত্রী দলীয় বিধায়কদের উদ্দেশে বলেছেন, ভয় পাবেন না। একবার ভয় পেলে ৩৬৫ দিন ভয় পাবেন।

কৈখালিতে জমা জলের ব্ল্যাকস্পট পরিদর্শনে মন্ত্রী অগ্নিমিত্রা পাল এবং কেএমডিএর আধিকারিক ও ইঞ্জিনিয়াররা। সোমবার। ছবি: আজকাল

বর্জ্য আলাদা করে না দিলে নেওয়া বন্ধ হবে: অগ্নিমিত্রা

আজকালের প্রতিবেদন

এবার থেকে বাড়ি থেকে পচনশীল এবং অপচনশীল বর্জ্য আলাদা প্যাকেটে করে দিতে হবে নির্মলবন্ধুদের। এই নির্দেশ না মানলে বাড়ি থেকে ময়লা নেওয়া বন্ধ করে দিতে পারেন নির্মলবন্ধুরা। পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল সোমবার একথা জানালেন। রাজ্যের বিভিন্ন জায়গার 'ব্ল্যাকস্পট' অর্থাৎ অতিবৃষ্টিতে জলমগ্ন হয়ে পড়া জায়গাগুলি পরিদর্শন শুরু করেন মন্ত্রী। তাঁর সঙ্গে ছিলেন কেএমডিএ–র প্রধান ইঞ্জিনিয়ার ও অন্যান্য আধিকারিকরা। সোমবার কৈখালি, হলদিরাম মোড়, সিটি সেন্টার ২–এর কাছে পাম্প হাউস পরিদর্শন করেন মন্ত্রী। এদিন মন্ত্রী বলেন, 'রান্নাঘরের বর্জ্য একটা আলাদা প্যাকেটে দেবেন। আর শুকনো আবর্জনা আলাদা প্যাকেটে। প্রথম এক সপ্তাহ আমি অনুরোধ করব। তারপর প্যাকেট আলাদা না করলে নির্মলবন্ধুরা বাড়ি থেকে আবর্জনা নেওয়া বন্ধ করে দেবেন। নর্দমায় প্লাস্টিক ফেলবেন না। চিপ্‌স, প্লাস্টিক নর্দমায় পড়েই সমস্যা বাড়ছে।' এদিন মন্ত্রী জানান, নতুন নালি এখন খুঁড়ে বানানো সম্ভব নয়। বেশ কিছু নালি এখন বন্ধ হয়ে গিয়েছে। সেগুলো যতটা সম্ভব পরিষ্কার করে কাজ এগিয়ে রাখা দরকার। অনেক রাস্তায় ম্যানহোল আছে। কিন্তু আগের সরকার সম্ভবত ভোট পাওয়ার জন্য প্রতিটা ম্যানহোল ঢেকে পেভমেন্ট ব্লক বসিয়ে দিয়েছে। মন্ত্রী বলেন, 'সেচ দপ্তর খালগুলো পরিষ্কার করবে। হলদিরামের সামনে যাতে কম জল জমে, তার চেষ্টা করছি। দরকারে পাম্প বসানো হবে। আজও পরিদর্শনে যাব। ৭, ৮ এবং ৯ তারিখ উত্তরবঙ্গে যাব।'

স্কুল ব্যাগের ওজন মাপা শুরু

আজকালের প্রতিবেদন

গরমের ছুটির পর সোমবার রাজ্যের স্কুলগুলি শুরু হল 'বন্দে মাতরম্‌' গান গেয়ে। কোথাও আবার সরকারি নির্দেশিকা মেনে পড়ুয়াদের ওজনের সঙ্গে মিলিয়ে নেওয়া হল ব্যাগের ওজন। নিয়ম মেনে 'বন্দে মাতরম্‌' গাওয়া হয়েছে মাদ্রাসাগুলিতেও। গরমের ছুটির পর এদিনই খুলেছে রাজ্যের সব সব স্কুল। এতদিন কিছু স্কুল বাদ দিয়ে অধিকাংশ স্কুলেই 'বন্দে মাতরম্‌' গাওয়া হত না। অনেকেই পুরো গানটি জানে না। অধিকাংশ স্কুলেই গানটি এদিন তাই বেজেছে স্কুলের নিজস্ব অডিও সিস্টেমে। গলা মিলিয়েছে পড়ুয়ারা। কোথাও আবার পড়ুয়া বা শিক্ষক–শিক্ষিকাদের মধ্যে গানটি যারা জানে তারা গেয়েছে, বাকিরা গলা মিলিয়েছে।

গরমের ছুটির মাঝেই স্কুল শুরুর আগে প্রার্থনার সময় 'বন্দে মাতরম্‌' গাওয়া বাধ্যতামূলক বলে নির্দেশিকা জারি করেছিল স্কুলশিক্ষা দপ্তর। সেইমতো এদিন স্কুলগুলিতে প্রার্থনার শুরুতে 'বন্দে মাতরম্‌' গাইল ছাত্রছাত্রীরা। অনেক স্কুলেই নিজেদের নির্ধারিত প্রার্থনা সঙ্গীত রয়েছে। 'বন্দে মাতরম্‌'–এর পর সেই গানটি গাওয়া হয়। শেষে জাতীয় সঙ্গীত 'জনগণমন' দিয়ে প্রার্থনা শেষ হয়। কলকাতার যাদবপুর বিদ্যাপীঠ স্কুলের প্রধান শিক্ষক পার্থপ্রতিম বৈদ্য বলেন, 'স্কুলের অডিও সিস্টেমে এদিন প্রার্থনার সময় 'বন্দে মাতরম্‌' গানটি বাজানো হয়। তাতে গলা মিলিয়েছে ছাত্রছাত্রীরা।' কল্যাণীর পান্নালাল ইনস্টিটিউটের সহ–প্রধান শিক্ষক সৌদীপ্ত দাস বলেন, 'কেন্দ্রীয় ভাবে মাইক বাজিয়েই 'বন্দে মাতরম্‌' গাওয়া হয়েছে। যে যার ক্লাসে দাঁড়িয়েই এই গানের সঙ্গে গলা মিলিয়েছে। তারপর জাতীয় সঙ্গীত গাওয়া হয়। 'বন্দে মাতরম্‌' পুরো গানটি সবাই জানে না। গানের সুর এবং কথা যাতে ভুল না হয়, মর্যাদা যাতে ক্ষুণ্ণ না হয় তার জন্যই মাইকে বাজানো হয় গানটি।' কোনও কোনও স্কুলে আবার একটা জায়গায় সবাই জড়ো হয়ে 'বন্দে মাতরম্‌' গাওয়া হয়েছে। যেমন পূর্ব বর্ধমানের বর্ধমান মিউনিসিপ্যাল গার্লস স্কুলে, স্টেজে দাঁড়িয়ে গানটি জানে এমন ছাত্রীরা মাইকে গেয়েছে, তার সঙ্গে গলা মিলিয়েছে অন্যরা। নারায়ণদাস বাঙুর মাল্টিপারপাস স্কুলের প্রধান শিক্ষক সঞ্জয় বড়ুয়া বলেন, 'গরমের ছুটির সময় পড়ুয়াদের হোয়াটসঅ্যাপ গ্রুপে 'বন্দে মাতরম্‌' গানটির একটি সফ্‌ট কপি এবং অডিও পাঠিয়েছিলাম। অনেকে কিছুটা শিখেছে। এদিন প্রার্থনার সময় অডিও সিস্টেমে গানটি চালানো হয়েছিল। পুরো গান এবং সুর পড়ুয়াদের মুখস্থ না হওয়া পর্যন্ত কিছুদিন এভাবেই চলবে।' দপ্তরের নির্দেশমতো পুরো গানটিই গাওয়া হয়। যার ভিডিও তুলে স্কুলগুলির পক্ষ থেকে সংশ্লিষ্ট ডিআইদের পাঠানো হয়েছে।

যোধপুর পার্ক বয়েজ স্কুলে মাপা হচ্ছে পড়ুয়ার ব্যাগের ওজন। পাশে স্কুলের লাইব্রেরিয়ান নিরঞ্জন মণ্ডল। ছবি: আজকাল

গরমের ছুটির মাঝেই স্কুল ব্যাগের ওজন নিয়ে নির্দেশিকা জারি করে দপ্তর। তাতে বলা হয়েছিল, একজন পড়ুয়ার স্কুল ব্যাগের ওজন যেন তার শরীরের ওজনের ১০ শতাংশের বেশি না হয়। কোন ক্লাসের পড়ুয়ার ব্যাগের ওজন কত, তা–ও বেঁধে দেওয়া হয়েছিল। স্কুলগুলিকে বলা হয়েছিল ওজন মাপার যন্ত্র কিনতে। স্কুলগুলির পক্ষ থেকে এই নির্দেশিকা অভিভাবকদের গ্রুপে, কোথাও স্কুলের নিজস্ব অ্যাপে পাঠানো হয়। যোধপুর পার্ক বয়েজ স্কুলের প্রধান শিক্ষক অমিত সেন মজুমদার বলেন, 'বন্দে মাতরম্‌ গাওয়ার পাশাপাশি এদিন পড়ুয়াদের ব্যাগের ওজন নিয়েও সচেতন করা হয়। কয়েক জনের শরীরের ওজনের সঙ্গে ব্যাগের ওজন পরখ করে দেখা হয়। এছাড়াও ক্লাসে ক্লাসে শিক্ষকরা এ নিয়ে ছাত্রদের পুরো বিষয়টি বুঝিয়ে দিয়েছেন।' পার্থপ্রতিমবাবু বলেন, 'ব্যাগ মাপার জন্য মেশিন কিনতে হবে। জানিয়েছে, তাদের ব্যাগ খুব বেশি ভারী নয়।'

বিনা ভাড়ায় সরকারি বাসে যাতায়াত, মেয়েরা খুশি

আজকালের প্রতিবেদন

রাজ্যে সরকারি বাসে মহিলাদের বিনামূল্যে যাতায়াত শুরু হল সোমবার থেকে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সমাজমাধ্যমে জানালেন, 'পশ্চিমবঙ্গে মাতৃশক্তির নিরাপত্তা, সামাজিক অগ্রগতি, স্বনির্ভরতা ও অধিকারকে সুনিশ্চিত করতে রাজ্য সরকার বদ্ধপরিকর।' এদিন গড়িয়াহাট থেকে পরিদর্শন করতে আচমকাই সরকারি বাসে ওঠেন রাজ্যের নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল। 'জিরো ব্যালেন্স টিকিট' পাচ্ছেন কি না খতিয়ে দেখলেন, নিজেও এই টিকিট কাটলেন। ধর্মতলায় মহিলারা এই সুবিধা পাচ্ছেন কি না দেখতে হাজির হলেন বিধায়ক সজল ঘোষ। বালিগঞ্জ বাস টার্মিনাসে পরিদর্শনে ছিলেন রাজ্য বিজেপির সাধারণ সম্পাদক শশী অগ্নিহোত্রী।

এদিন মুখ্যমন্ত্রী সমাজমাধ্যমে লেখেন, 'পাহাড় থেকে সমতল, মহিলারা পাচ্ছেন বিনামূল্যে যাতায়াতের সুফল। দেশের নারীশক্তির সশক্তিকরণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজির স্বপ্নকে বাস্তবায়নের পথে একধাপ এগোল পশ্চিমবঙ্গ। রাজ্যের মাতৃশক্তি ভয় নয়, ভরসার প্রতি ভরসা রেখেছেন।' তিনি জানান, নির্বাচনের আগে বিজেপি এই প্রতিশ্রুতি দিয়েছিল। সেই ভরসার শপথকে বাস্তবায়িত করেছে সরকার। শ্রদ্ধেয় মোদিজির মার্গদর্শনকে পাথেয় করে পশ্চিমবঙ্গের পাহাড় থেকে সমতল— সব সরকারি বাসে মাতৃশক্তিদের জন্য বিনামূল্যে যাতায়াতের ব্যবস্থা চালু করেছে। মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন, 'বাংলায় এমন অনেক পরিবার আছে, তাদের কাছে ১০০ বা ২০০ টাকা বাসভাড়া দেওয়া খুব কষ্টের। এটা মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ভেবেছেন।'

এদিন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য সমাজমাধ্যমে লেখেন, 'রাজ্যের সরকারি বাসে মহিলাদের জন্য সম্পূর্ণ নিখরচায় যাতায়াত পরিষেবা চালু হল। একই সঙ্গে শুরু হচ্ছে 'অন্নপূর্ণা যোজনা'র পূর্ণমাত্রায় বাস্তবায়ন। মানুষের উন্নয়নের লক্ষ্যে, প্রতিশ্রুতি পূরণে বদ্ধপরিকর নতুন সরকার।' বিধায়ক সজল ঘোষ বলেন, 'এটা একটা যুগান্তকারী সিদ্ধান্ত।' এদিন দমদম প্রাইভেট রোডের বাসিন্দা প্রিয়াঙ্কা দেবনাথ রায় দমদম ১১ নম্বর থেকে নারকেলবাগান যান। সরকারি বাস (সিএসটিসি) এসি (৩৮ডি)–তে উঠেছিলেন। বাসের কন্ডাকটর টিকিট দেন, যেটায় লেখা রয়েছে 'ফ্রি টিকিট ফর ওমেন'। প্রিয়াঙ্কা বলেন, 'বিজেপি সরকার কথা রেখেছে। এই গরমে এসি বাসে আরামে যাচ্ছি, অথচ একটা পয়সাও খরচ করতে হল না।' সুলগ্না চৌধুরি (এস৯সি–ইউ) অজয়নগর থেকে বাসে টেকনোপলিশ যাচ্ছিলেন। বলেন, 'এসি, নন–এসি কোনও বাসেই ভাড়া দিতে লাগছে না। সত্যিই ভাল লাগছে।' বিধাননগর করুণাময়ী বাসস্ট্যান্ড, উত্তরে দার্জিলিঙেও সরকারি বাস ধরার জন্য অপেক্ষা করছিলেন বহু মহিলা যাত্রী। তাঁদের মুখে ছিল খুশির হাসি।

বাজেটে সম্মানজনক মহার্ঘ ভাতা

● ১ পাতার পর

পূর্বতন মুখ্যমন্ত্রী কর্মী সংগঠনগুলির সঙ্গে বসার কোনও অবকাশ পাননি। কিন্তু এই মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁদের খুব সুন্দর আলোচনা হয়েছে। তিনি মহার্ঘ ভাতা, কর্মী নিয়োগ, কর্মসংস্কৃতি, প্রশাসনিক স্বচ্ছতা এবং অন্যান্য আর্থিক সুবিধা–সহ বিভিন্ন বিষয় নিয়ে স্পষ্ট ধারণা দিয়েছেন।

মুখ্যমন্ত্রী তাঁদের আশ্বাস দিয়েছেন, বকেয়া ৪২ শতাংশ মহার্ঘ ভাতা নিয়ে এবার ২২ জুন বাজেটে বড় ঘোষণা থাকবে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে সামঞ্জস্য রেখে মহার্ঘ ভাতা দেওয়া নিয়েও চিন্তাভাবনা করছে রাজ্য প্রশাসন। শুধু তাই নয়, সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী ২০০৮ থেকে ২০১৯ সাল পর্যন্ত যে বকেয়া মহার্ঘ ভাতা সরকারি কর্মীদের দেওয়ার কাজ চলছে, তা স্বচ্ছতার সঙ্গে দেওয়া হবে। সরকার পরিচালিত সংস্থাগুলির কর্মীরাও এই সুযোগ থেকে বঞ্চিত হবেন না। সরকার সে ব্যাপারে যথেষ্ট সহানুভূতিশীল বলেও জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তিনি এদিন পরিষ্কার জানিয়ে দিয়েছেন, সুপ্রিম কোর্ট যে নির্দেশ দেবে সরকার তা সম্পূর্ণ ভাবে মেনে চলবে। পূর্বতন সরকারের আমলে যে টানাপোড়েন তৈরি হয়েছিল, এই সরকার তা একেবারেই চায় না বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। সপ্তম পে কমিশনের সুপারিশ ডিসেম্বরে এসে যাবে। ২০২৭-এর জানুয়ারি মাস থেকেই তা লাগু হয়ে যাবে বলে আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী।

প্রাতিষ্ঠানিক দুর্নীতি, কাটমানি, কর্মচারীদের শাস্তিমূলক বদলি বিষয়গুলো আলোচনায় উঠে এসেছিল। মুখ্যমন্ত্রী তাঁদের আশ্বাস দিয়েছেন, প্রত্যেকটা বিষয় খতিয়ে দেখবেন। শুধু একটু সময় দিতে হবে। সংগ্রামী যৌথ মঞ্চ ছাড়াও ছিলেন সরকারি কর্মচারী পরিষদ, কনফেডারেশন, ইউনিটি ফোরামের প্রতিনিধিরা।

ব্যাঙ্ক অফ বরোদা / Bank of Baroda

পানিট্যাঙ্কি মোড় শাখা
৩৩/৩৪ সেবক রোড, গুরুদ্বোয়ারার নিকটে
শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০১
ই–মেল: DBSILI@bankofbaroda.bank.in

লকার ভেঙে খোলার নোটিস

এতদ্দ্বারা নিম্নলিখিত লকার ভাড়াগ্রহীতাদের জ্ঞাতার্থে এই নোটিস জারি করা হচ্ছে যে, আমাদের তরফে অনুস্মারক এবং নোটিস পাঠানো সত্ত্বেও আপনারা লকারের ভাড়া প্রদানে খেলাপি হয়েছেন। এই কারণে এই ব্যাঙ্ক ০৮.০৯.২০২৬ তারিখ দুপুর ১টায় নিম্নলিখিত লকারগুলি ভেঙে খুলে ফেলার সিদ্ধান্ত নিয়েছে। এতদ্দ্বারা আপনাদের উক্ত নির্ধারিত তারিখের আগে বকেয়া ভাড়া আদায় দেওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে, অন্যথায় উক্ত তারিখ ও সময়ে নির্ধারিত স্থানে হাজির থাকতে বলা হচ্ছে। আপনারা যদি নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট শাখায় হাজির না থাকেন, সেক্ষেত্রে আপনাদের অনুপস্থিতিতে এই ব্যাঙ্কের বিধি মেনে স্বাভাবিক পদ্ধতিতেই লকারগুলি ভেঙে খোলা হবে যার ঝুঁকি ও দায় পুরোপুরি আপনাদের ওপরই বর্তাবে।

ক্রম নং	লকার ধারকের নাম ও ঠিকানা	লকার নম্বর	লকার টাইপ	যে তারিখ থেকে বকেয়া	বকেয়া ভাড়া (₹)
১	মিসেস চম্পা মিত্র ধর স্বামী সঞ্চিত ধর, ২৮, রাসবিহারী সরণি, হাকিমপাড়া, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০১	6860AX0082	A	০২.০৭.২০২২	₹১৪,১৬০.০০

তারিখ: ০২.০৬.২০২৬
স্থান: শিলিগুড়ি

ব্রাঞ্চ ম্যানেজার
ব্যাঙ্ক অফ বরোদা

ADITYA BIRLA CAPITAL

আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট–৩৬২২৬৬। ব্রাঞ্চ অফিস: ফ্লোর নং ২, বাঙ্গুর বিএফএল এস্টেট, ৩১, চৌরঙ্গি রোড, কলকাতা– ৭০০০১৬

পরিশিষ্ট IV
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(১) দ্রষ্টব্য]
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, **আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড**–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতাগণ শুভেন্দু মণ্ডল, সমর মণ্ডল, সমর মণ্ডল প্রযত্নে মেসার্স সমর কুমার মণ্ডল–এর প্রতি ০৯.০২.২০২৪ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন** যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক অর্থাৎ, **₹১০,১১,৩৩৯.২৭/– (দশ লক্ষ এগারো হাজার তিনশো উনচল্লিশ টাকা এবং সাতাশ পয়সা মাত্র)** আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতাগণ ওই বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২ এর রুল ৮ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **২৯ মে, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন **₹১০,১১,৩৩৯.২৭/– (দশ লক্ষ এগারো হাজার তিনশো উনচল্লিশ টাকা এবং সাতাশ পয়সা মাত্র)** এবং এর ওপর সুদ সমেত **আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড**–এর দায় সাপেক্ষ হবে। উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

১ কাঠা জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, প্রেমিসেস নং ১২, স্বামীজি রোড, থানা পর্ণশ্রী, কলকাতা পুরনিগমের ওয়ার্ড নং ১৩১, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৬০। **চৌহদ্দি: পূর্ব**– অন্য সম্পত্তি; **পশ্চিম**– রঞ্জিত ঘুঘুর এর সম্পত্তি; **উত্তর**– ডবলুপিআইএল লিমিটেডের সম্পত্তি; **দক্ষিণ**– ৪ ফুট চওড়া রাস্তা।

তারিখ: ২৯.০৫.২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড

CENTURYPLY

সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেড
CIN: L20101WB1982PLC034435
নিবন্ধিত কার্যালয়: পি-১৫/১, তারাতলা রোড, কলকাতা – ৭০০ ০৮৮
টেলিফোন: (০৩৩) ৩৯৪০৩৯৫০;
ইমেল: investors@centuryply.com; ওয়েবসাইট: www.centuryply.com

পোস্টাল ব্যালট এবং ই-ভোটিং তথ্যের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে কোম্পানি আইন, ২০১৩ ("অ্যাক্ট")–এর ১০৮ ধারার সাথে পঠিত ১১০ ধারা(গুলি) এবং অন্যান্য প্রযোজ্য বিধানাবলি (যদি থাকে)–এর বিধান অনুসারে, এবং বর্তমানে বলবৎ থাকা কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ (**"ম্যানেজমেন্ট রুলস"**)–এর ২০ এবং ২২ নিয়ম(গুলি)–এর সাথে পঠিত, যার মধ্যে যে কোনো বিধিবদ্ধ সংশোধনী(গুলি), পরিবর্তন(গুলি), রূপান্তর(গুলি) বা পুনর্প্রবর্তন(গুলি) অন্তর্ভুক্ত, এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রক (**'এম সি এ'**) দ্বারা জারি করা প্রযোজ্য নির্দেশিকা/সার্কুলার/নিয়মাবলি মেনে, যার মধ্যে এম সি এ দ্বারা সময়ে সময়ে জারি করা ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের জেনারেল সার্কুলার নং ০৩/২০২৫ (**'এম সি এ সার্কুলার'**) অন্তর্ভুক্ত, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (**"লিস্টিং রেগুলেশনস"**)–এর রেগুলেশন ৪৪ এবং অন্যান্য প্রযোজ্য রেগুলেশনস (যদি থাকে), ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া (**"এস এস-২"**) দ্বারা জারি করা জেনারেল মিটিং সংক্রান্ত সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ডের প্রযোজ্য বিধানাবলি এবং অন্যান্য প্রযোজ্য আইন ও নিয়মাবলি (বর্তমানে বলবৎ থাকা যে কোনও বিধিবদ্ধ পরিবর্তন(গুলি) বা পুনর্প্রবর্তন সহ, যদি থাকে) মেনে, **সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেড** ("কোম্পানি") নিম্নলিখিত বিশেষ কারবারের উপর পোস্টাল ব্যালটের মাধ্যমে কোম্পানির সদস্যদের অনুমোদন চাইছে:

ক্রমিক নং	প্রস্তাবের ধরন	বিশেষ কারবারের বিবরণ
১	বিশেষ প্রস্তাব	কোম্পানির স্বাধীন ডিরেক্টর হিসেবে ডাঃ রাকেশ কুমার জৈন (ডি আই এন: ১১৬৮৩৬৪৭)–এর নিয়োগ

উপরের প্রস্তাবগুলির জন্য ভোটিং শুধুমাত্র রিমোট ই-ভোটিং অর্থাৎ ইলেকট্রনিক মাধ্যমের মাধ্যমে ভোটিংয়ের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

বর্তমান নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা মেনে, পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি এবং ব্যাখ্যামূলক বিবৃতি ১ জুন, ২০২৬ তারিখে শুধুমাত্র বৈদ্যুতিন মাধ্যমে সেই সমস্ত সদস্যদের কাছে পাঠানো হয়েছে যাদের ইমেল ঠিকানা ডিপোজিটরি/ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট/কোম্পানি/মেসার্স মাহেশ্বরী ডাটাম্যাটিক্স প্রাইভেট লিমিটেড (কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট)–এর কাছে নিবন্ধিত রয়েছে এবং যাদের নাম শুক্রবার, **২৯ মে, ২০২৬ ("কাট-অফ তারিখ")** তারিখে কাজের সময় শেষে সদস্য রেজিস্টার বা সুবিধাভোগী মালিকদের তালিকায় নথিভুক্ত করা হয়েছে। সেই অনুযায়ী, এই পোস্টাল ব্যালটের জন্য সদস্যদের কাছে পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তির বাস্তবিক কপি, পোস্টাল ব্যালট ফর্ম এবং প্রি-পেইড বিজনেস রিপ্লাই খাম পাঠানো হচ্ছে না।

কোম্পানির সদস্যদের রিমোট ই-ভোটিং সুবিধা প্রদানের জন্য কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড ("এন এস ডি এল")–কে তাদের এজেন্সি হিসেবে নিযুক্ত করেছে। রিমোট ই-ভোটিংয়ের সময়কাল **সোমবার, ৮ জুন, ২০২৬ সকাল ৯:০০টে (ভাস)–এ শুরু হবে এবং মঙ্গলবার, ৭ জুলাই, ২০২৬ বিকেল ৫:০০টে (ভাস)**–এ শেষ হবে। এরপরে এন এস ডি এল দ্বারা রিমোট ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করা হবে এবং সদস্যদের উক্ত তারিখ এবং সময়ের পরে বৈদ্যুতিনভাবে ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না। **কাট-অফ তারিখ অর্থাৎ শুক্রবার, ২৯ মে, ২০২৬** অনুযায়ী সদস্য(দের) ভোটাধিকার তাদের ধারণ করা শেয়ারের অনুপাতে হবে। কোনও শেয়ারহোল্ডার একবার কোনও প্রস্তাবের উপর ভোট দেওয়ার পরে, তাকে পরবর্তীতে তা পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না। শুধুমাত্র সেই সমস্ত সদস্যরা রিমোট ই-ভোটিংয়ের সুবিধা পাওয়ার অধিকারী হবেন যাদের নাম কাট-অফ তারিখ অনুযায়ী সদস্য রেজিস্টার বা সুবিধাভোগী মালিকদের তালিকায় রেকর্ড করা আছে। কাট-অফ তারিখে সদস্য নন এমন যে কোনও ব্যক্তির পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তিটিকে শুধুমাত্র তথ্যের উদ্দেশ্যে বলে বিবেচনা করা উচিত।

যে সমস্ত সদস্যরা কোম্পানি/এর আর টি এ মেসার্স মাহেশ্বরী ডাটাম্যাটিক্স প্রাইভেট লিমিটেড (এম ডি পি এল)/ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(দের) কাছে তাদের ইমেল ঠিকানা নিবন্ধিত করেননি, সেই সমস্ত সদস্যদের তাদের ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের কাছে (ডিম্যাট ফর্মে থাকা শেয়ারের ক্ষেত্রে) তাদের ইমেল ঠিকানা নিবন্ধন/আপডেট করার জন্য এবং contact@mdpicorporate.com ইমেল আইডিতে এম ডি পি এল–কে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে। বাস্তবিক আকারে থাকা শেয়ারের ক্ষেত্রে, ইমেলের মাধ্যমে আপনাকে যোগাযোগপত্র পাঠানো এবং তা আপডেট করা সক্ষম করার জন্য সদস্যদের ফর্ম(গুলি) (এস আর-১)–এর সাথে অনুরোধপত্র পাঠাতে হবে। যে সমস্ত সদস্যদের ইমেল ঠিকানা কোম্পানি/আর টি এ অথবা তাদের নিজ নিজ ডি পি–র কাছে নিবন্ধিত/আপডেট করা নেই এবং যারা এই পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তির সাথে অস্থায়ীভাবে রিমোট ই-ভোটিংয়ের জন্য ক্রেডেনশিয়াল পেতে চান, তারা ই-ভোটিং এজেন্সি অর্থাৎ এন এস ডি এল–এর কাছে evoting@nsdl.com–এ তাদের অনুরোধ পাঠাতে পারেন। কোনও সদস্য যদি ইতিমধ্যেই এন এস ডি এল–এর কাছে নিবন্ধিত থাকেন, তবে রিমোট ই-ভোটিংয়ের জন্য বিদ্যমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করা যেতে পারে। ইমেল আইডি নিবন্ধনের বিস্তারিত পদ্ধতি পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তির 'নোটস' বিভাগে প্রদান করা হয়েছে।

রিমোট ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে পোস্টাল ব্যালট সুষ্ঠু ও স্বচ্ছভাবে পরিচালনার জন্য বোর্ড অফ ডিরেক্টরস শ্রী রাজ কুমার বান্থিয়া (এ সি এস–১৭১৯০/সি পি–১৮৪২৮) এবং তার অবর্তমানে, মেসার্স এম কে বি অ্যান্ড অ্যাসোসিয়েটস, কোম্পানি সেক্রেটারিজ ইন প্র্যাকটিস, কলকাতা–এর শ্রী মনোজ কুমার বান্থিয়া (এ সি এস ১১৪৭০/সি পি–৭৫৯৬)–কে পরীক্ষক হিসেবে নিযুক্ত করেছে। পোস্টাল ব্যালটের (রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে) মাধ্যমে পরিচালিত ভোটিংয়ের ফলাফলগুলি পরীক্ষকের রিপোর্টের সাথে চেয়ারম্যান বা চেয়ারম্যান দ্বারা অনুমোদিত ব্যক্তির দ্বারা বৃহস্পতিবার, ০৯ জুলাই, ২০২৬–এ বিকেল ৫:০০টার সময় বা তার আগে ঘোষণা করা হবে এবং কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে প্রদর্শিত হবে, ফলাফলগুলি কোম্পানির ওয়েবসাইট www.centuryply.com–এ এবং এন এস ডি এল–এর ই-ভোটিং ওয়েবসাইট www.evoting.nsdl.com–এ প্রদর্শিত হবে। উক্ত ফলাফলগুলি কোম্পানির দ্বারা ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং বি এস ই লিমিটেডের কাছেও পাঠানো হবে, যেখানে কোম্পানির শেয়ারগুলি তালিকাভুক্ত রয়েছে।

ই-ভোটিং সংক্রান্ত যে কোনও প্রশ্ন/অভিযোগের ক্ষেত্রে, সদস্যরা এন এস ডি এল–এর ই-ভোটিং ওয়েবসাইটের 'ডাউনলোডস' বিভাগের অধীনে উপলব্ধ শেয়ারহোল্ডারদের জন্য ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেনস (এফ এ কিউ) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই-ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে পারেন অথবা ০২২-৪৮৮৬ ৭০০০ নম্বরে এন এস ডি এল–এর সাথে যোগাযোগ করতে পারেন অথবা মিস পল্লবী মাত্রে, সিনিয়র ম্যানেজার-এন এস ডি এল–এর কাছে evoting@nsdl.com–এ একটি অনুরোধ পাঠাতে পারেন অথবা এন এস ডি এল, ৪র্থ তল, নমন চেম্বার, প্লট সি-৩২, জি-ব্লক, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা পূর্ব, মুম্বই, মহারাষ্ট্র -৪০০০৫১–এ যোগাযোগ করতে পারেন। সি ডি এস এল–এর কাছে ডিম্যাট মোডে সিকিউরিটি ধারণকারী সদস্যরা টোল ফ্রি নং ১৮০০-২১-০৯৯১১ নম্বরে কল করতে পারেন বা helpdesk.evoting@cdslindia.com–এ ইমেল করতে পারেন। সদস্যরা এই বিষয়ে কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে নিম্নস্বাক্ষরকারীকে চিঠি লিখতে পারেন বা investors@centuryply.com–এ ইমেল করতে পারেন।

সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেড–এর পক্ষে
স্বা/– সন্দীপ ঝুনঝুনওয়ালা
কোম্পানি সেক্রেটারি
সদস্যভুক্তি নং: এফ সি এস ৪৯৪৬

তারিখ: ১ জুন, ২০২৬
স্থান: কলকাতা

EXIDE

এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড
CIN: L31402WB1947PLC014919
নথিবদ্ধ কার্যালয়: 'এক্সাইড হাউজ', ৫৯ই, চৌরঙ্গি রোড, কলকাতা- ৭০০ ০২০
ফোন: (০৩৩) ২৩০২৩৪০০/২২৮৩ ২১১৮;
ই-মেল: exideindustrieslimited@exide.co.in
ওয়েবসাইট: www.exideindustries.com

শেয়ারহোল্ডারদের জন্য বিজ্ঞপ্তি

(বিষয়: কোম্পানির ইক্যুইটি শেয়ার ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড-এ স্থানান্তরের প্রসঙ্গে)

কোম্পানি আইন, ২০১৩ ('আইন')-এর ধারা ১২৪ অনুসারে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড কর্তৃপক্ষ (অ্যাকাউন্টিং, নিরীক্ষা, স্থানান্তর এবং রিফান্ড) বিধি, ২০১৬ তৎসহ পঠিত প্রাসঙ্গিক সার্কুলার এবং সংশোধনী ('আইইপিএফ বিধি'), **২০১৮-১৯ অর্থবর্ষের জন্য ঘোষিত চূড়ান্ত লভ্যাংশ** যা সাত বছর ধরে দাবিহীন ছিল, যা নির্ধারিত তারিখ অর্থাৎ **০৮ সেপ্টেম্বর** ২০২৬ তারিখ থেকে ৩০ দিনের মধ্যে ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড-এ (আইইপিএফ) জমা দেওয়া হবে। যে শেয়ারগুলিতে টানা সাত বছর ধরে লভ্যাংশ দাবিহীন ছিল সেগুলিও আইইপিএফ বিধিতে বর্ণিত পদ্ধতি অনুসারে স্থানান্তর করা হবে।

কর্পোরেট বিষয়ক মন্ত্রালয় ("এমসিএ") কর্তৃক জারি করা ১৬ জুলাই ২০২৫ তারিখের বিজ্ঞপ্তি, এবং পরবর্তী যোগাযোগ তারিখ ২৭ মার্চ ২০২৬ অনুসারে, আপনার কোম্পানি সক্ষম নিবেশক অভিযানের দ্বিতীয় পর্যায়টি আরও ১০০ দিনের জন্য, অর্থাৎ ১লা এপ্রিল, ২০২৬ থেকে ৯ই জুলাই, ২০২৬ পর্যন্ত পুনরায় চালু করেছে। এই অভিযানের প্রথম পর্যায়টি ২৮শে জুলাই, ২০২৫ থেকে ৬ই নভেম্বর, ২০২৫ পর্যন্ত পরিচালিত হয়েছিল। ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড কর্তৃপক্ষ (আইইপিএফএ)-এর কাছে শেয়ার এবং যে কোনও দাবিহীন লভ্যাংশ হস্তান্তর রোধ করার জন্য এই সক্রিয় পদক্ষেপটি অপরিহার্য। এই উদ্যোগের সাথে সামঞ্জস্য রেখে, শেয়ারহোল্ডারদের তাঁদের সংশ্লিষ্ট কেওয়াইসি বিবরণ আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে, যার মধ্যে রয়েছে পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর (প্যান), মনোনয়নের তথ্য, যোগাযোগের বিবরণ (পোস্টাল ঠিকানা এবং মোবাইল নম্বর), ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ এবং নমুনা স্বাক্ষর।

কোম্পানি ইতিমধ্যেই সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের কাছে আলাদাভাবে বিজ্ঞপ্তি পাঠিয়েছে যাঁদের শেয়ার আইইপিএফ কর্তৃপক্ষের কাছে আইইপিএফ নিয়ম অনুসারে স্থানান্তরিত হওয়ার কথা রয়েছে, যাতে তাঁরা **১ অগস্ট ২০২৬** তারিখে বা তার আগে দাবি না করা লভ্যাংশ নগদ করে নিতে পারেন। যে সকল শেয়ারহোল্ডারদের শেয়ার স্থানান্তর হওয়া বাকি রয়েছে, তাঁদের বিস্তারিত কোম্পানির ওয়েবসাইটে বিনিয়োগকারী বিভাগের অধীনে https://www.exideindustries.com/investors/unclaimed-dividends.aspx-তেও পাওয়া যাবে।

এই প্রসঙ্গে, অনুগ্রহ করে নিম্নলিখিত বিষয়গুলি লক্ষ্য করুন:

ক) যদি আপনার শেয়ার বাস্তবিক আকারে থাকে: আইইপিএফ-এর সাপেক্ষে ডুপ্লিকেট শেয়ার শংসাপত্র(গুলি) জারি করা হবে এবং স্থানান্তর করা হবে। আপনার কাছে থাকা মূল শেয়ার শংসাপত্র(গুলি) যেগুলি আপনার নামে নিবন্ধিত, সেগুলি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

খ) যদি আপনার শেয়ার ইলেকট্রনিক আকারে থাকে: আপনার ডিম্যাট অ্যাকাউন্ট থেকে আইইপিএফ-এ স্থানান্তরের ক্ষেত্রে দায়বদ্ধ শেয়ারের জন্য টাকা কেটে নেওয়া হবে।

যদি ১ অগস্ট ২০২৬ তারিখে বা তার আগে আপনার কাছ থেকে বৈধ দাবি না পাওয়া যায়, তাহলে পরবর্তী কোনও বিজ্ঞপ্তি ছাড়াই কোম্পানি ইক্যুইটি শেয়ার আইইপিএফ-তে স্থানান্তর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডার আইইপিএফ কর্তৃপক্ষের কাছে দাবি না করা লভ্যাংশ এবং শেয়ার উভয়ই দাবি করতে পারবেন www.iepf.gov.in-এ উপলব্ধ নির্ধারিত ই-ফর্ম আইইপিএফ-৫ এর মাধ্যমে অনলাইন আবেদন করে এবং আইইপিএফ নিয়ম অনুসারে নির্ধারিত ই-ফর্ম আইইপিএফ-৫ এর সঙ্গে তালিকাভুক্ত প্রয়োজনীয় নথিপত্রের সঙ্গে যথাযথভাবে স্বাক্ষরিত (কোম্পানির সঙ্গে নথিবদ্ধ থাকা নমুনা স্বাক্ষর অনুসারে) এর প্রকৃত অনুলিপি কোম্পানির নোডাল আধিকারিকের কাছে প্রেরণ করতে হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে আইইপিএফ নিয়ম অনুসারে আইইপিএফ-তে স্থানান্তরিত শেয়ার/ অদাবিকৃত লভ্যাংশের ক্ষেত্রে কোম্পানির বিরুদ্ধে কোনও দাবি করা যাবে না।

এই বিষয়ে যে কোনও স্পষ্টীকরণ/তথ্যের জন্য, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণ কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট, **এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড** *(সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রা.) লিমিটেড-এর সাথে একীভূতকরণ অনুসারে)*-এর সাথে যোগাযোগ করতে পারেন।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ), অর্থাৎ মেসার্স এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-এর কর্পোরেট অফিসের ঠিকানা নিচে উল্লেখ করা হল।

নাম এবং ঠিকানা:
এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড
রাসই কোর্ট ষষ্ঠ তল, ২০, স্যার আর এন মুখার্জি রোড, কলকাতা- ৭০০ ০০১
টেলিফোন/ফ্যাক্স: ০৩৩-৬৯০৬৬২০০; **ওয়েবসাইট:** www.in.mpms.mufg.com
ই-মেল: Investor.helpdesk@in.mpms.mufg.com

এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেডের তরফে
স্বাক্ষর/–
জিতেন্দ্র কুমার
কোম্পানি সেক্রেটারি এবং
প্রেসিডেন্ট (লিগ্যাল অ্যান্ড কর্পোরেট অ্যাফেয়ার্স)
ACS No. 11159

স্থান: কলকাতা
তারিখ: ০১.০৬.২০২৬

SOMANY

সোমানি সেরামিক্স লিমিটেড
CIN: L40200WB1968PLC224116
নিবন্ধিত কার্যালয়: ২, রেড ক্রস প্লেস, কলকাতা– ৭০০ ০০১
পশ্চিমবঙ্গ, ভারত
ফোন: ০৩৩-২২৪৮ ৭৪০৬/৫৯১৩
ইমেল: sclinvestors@somanyceramics.com / corporateaffairs@somanyceramics.com
ওয়েবসাইট: www.somanyceramics.com

সোমানি সেরামিক্স লিমিটেড–এর ইকুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণের উদ্দেশ্যে ২৩শে এপ্রিল, ২০২৬ তারিখের জারি করা নোটিশের সংশোধনী ১১ মে, ২০২৬ তারিখে প্রচারিত

প্রিয় স্বার্থধারকগণ,

কোম্পানি আইন, ২০১৩–এর প্রযোজ্য বিধানাবলি, এর অধীনে প্রণীত নিয়মাবলি ("অ্যাক্ট") এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ("লিস্টিং রেগুলেশনস") অনুসারে, সোমানি বাথওয়্যার লিমিটেড, সোমানি এক্সেল ভিট্রিফায়েড প্রাইভেট লিমিটেড এবং এস আর কন্টিনেন্টাল লিমিটেড (এখানে পরে সম্মিলিতভাবে ট্রান্সফেরর কোম্পানি হিসাবে উল্লিখিত)–এর সাথে এবং এর মধ্যে সোমানি সেরামিক্স লিমিটেড ("কোম্পানি"/ "ট্রান্সফারি কোম্পানি) এবং তাদের নিজ নিজ শেয়ারধারকগণ এবং ঋণদাতাগণের সংযুক্তিকরণের প্রকল্প ("স্কিম") বিষয়ে, ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে কোম্পানির সদস্যদের অনুমোদন চাওয়ার জন্য কোম্পানি, ইক্যুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণের প্রতি ২৩শে এপ্রিল, ২০২৬ তারিখে বিজ্ঞপ্তি এবং ব্যাখ্যামূলক বিবৃতি জারি করেছিল। ইক্যুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণের বিজ্ঞপ্তিটি ইতিমধ্যেই ১১ই মে, ২০২৬ কোম্পানির সমস্ত ইক্যুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণের কাছে পাঠানো হয়েছে।

কোম্পানি আরও ইক্যুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণকে অবগত করতে চায় যে, মহামান্য ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চ ("মহামান্য এনসিএলটি"), ২৪শে এপ্রিল, ২০২৬ তারিখের সংশোধনী আদেশের মাধ্যমে, যা কোম্পানি ২০শে মে, ২০২৬ তারিখে গ্রহণ করেছে, তাতে কোম্পানি অ্যাপ্লিকেশন (সিএএ) নং ৩৫/কে বি/২০২৬–এ পাস হওয়া ৯ই এপ্রিল, ২০২৬ তারিখের আদেশে থাকা কিছু মুদ্রণজনিত ত্রুটি সংশোধন করেছে, যার মাধ্যমে উক্ত আদেশের কিছু জায়গায় উপস্থিত "ব্যবস্থাপনার প্রকল্প" শব্দগুলি "সংযুক্তিকরণের প্রকল্প" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।

ইক্যুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণের প্রতি বিজ্ঞপ্তির এই সংশোধনীটি ইক্যুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণের বিজ্ঞপ্তির একটি অবিচ্ছেদ্য অংশ গঠন করবে যা ইতিমধ্যেই ১১ই মে, ২০২৬–এর মধ্যে কোম্পানির ইক্যুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণের কাছে পাঠানো হয়েছে। ইক্যুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণের বিজ্ঞপ্তিটি সর্বদা এই সংশোধনীর সাথে একত্রে পড়তে হবে। এই সংশোধনীটি শুধুমাত্র বৈদ্যুতিন বা ইলেকট্রনিক মোডের মাধ্যমে সেই সমস্ত শেয়ারধারকদের পাঠানো হয়েছে যাদের ইমেল ঠিকানা কাট-অফ তারিখ অর্থাৎ শুক্রবার, ১লা মে, ২০২৬ অনুযায়ী কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(দের)–এর কাছে নিবন্ধিত রয়েছে এবং কাট-অফ তারিখ অর্থাৎ বুধবার, ৩১শে ডিসেম্বর, ২০২৫ অনুযায়ী কোম্পানির সেই জামিনবিহীন ঋণদাতাগণের কাছে পাঠানো হয়েছে। সেই অনুযায়ী, সংশ্লিষ্ট সকল শেয়ারধারক, ঋণদাতা, স্টক এক্সচেঞ্জ, ডিপোজিটরি, রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট, ই-ভোটিংয়ের জন্য নিযুক্ত এজেন্সি, অন্যান্য কর্তৃপক্ষ, নিয়ন্ত্রক, এবং অন্য সকল সংশ্লিষ্ট ব্যক্তিদের উপরের পরিবর্তনগুলি লক্ষ্য করার জন্য অনুরোধ করা হচ্ছে। এই সংশোধনীটি উভয় স্টক এক্সচেঞ্জ অর্থাৎ বিএসই এবং এনএসই–এর ওয়েবসাইট অর্থাৎ www.bseindia.com এবং www.nseindia.com–এ এবং কোম্পানির ওয়েবসাইট www.somanyceramics.com–এ এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড–এর ওয়েবসাইট www.evotingindia.com–এও উপলব্ধ।

এই সংশোধনীর দ্বারা সংশোধিত বা পরিপূরক বিষয়গুলি ছাড়া বিজ্ঞপ্তির অন্যান্য সমস্ত বিষয়বস্তু অপরিবর্তিত থাকবে।

স্বা/–
অনুজ কালিয়া
কোম্পানি সেক্রেটারি, সোমানি সেরামিক্স লিমিটেড
অ্যাডভোকেট নম্রতা বসু দ্বারা অনুমোদিত
সোমানি সেরামিক্স লিমিটেড–এর
ইক্যুইটি শেয়ারধারকগণ এবং জামিনবিহীন ঋণদাতাগণের
সভার জন্য নিযুক্ত চেয়ারপার্সন

স্থান: কলকাতা
তারিখ: ১লা জুন, ২০২৬

ইন্ডিয়ান ব্যাঙ্ক / Indian Bank
ইলাহাবাদ / ALLAHABAD

পরিশিষ্ট–IV [রুল ৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

জোনাল অফিস, কলকাতা নর্থ; ৩৭৭ ও ৩৭৮, জিডি ব্লক, সেকেন্ড ফ্লোর, সল্ট লেক, সেক্টর–III, কলকাতা–৭০০১০৬
ধূলাগড়ি ব্রাঞ্চ

যেহেতু: ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক), জোনাল অফিস কলকাতা নর্থ–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২–এর রুল ৮ ও ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে আমাদের **ধূলাগড়ি ব্রাঞ্চ–এর ঋণগ্রহীতা–বন্ধকদাতা: মিঃ অলোক রিট, পিতা শ্রী দিলীপ রিট, ফ্ল্যাট নং ৪০৩, ফোর্থ ফ্লোর, মহালক্ষ্মী কমপ্লেক্স, পোঃ ও থানা–ডোমজুড়, জেলা–হাওড়া, পশ্চিমবঙ্গ–৭১১৪০৫ এবং জামিনদার: মিসেস পিয়ালি রিট, স্বামী মিঃ অলোক রিট, ফ্ল্যাট নং ৪০৩, ফোর্থ ফ্লোর, মহালক্ষ্মী কমপ্লেক্স, পোঃ ও থানা–ডোমজুড়, জেলা–হাওড়া, পশ্চিমবঙ্গ–৭১১৪০৫–এর প্রতি ০৭.০৩.২০২৬** তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক **₹১১,৮৫,০৬৫.০০ (এগারো লক্ষ পঁচাশি হাজার পঁয়ষট্টি টাকা মাত্র)** আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **২৭ মে, ২০২৬** তারিখে উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন ০৭.০৩.২০২৬ **তারিখের ভিত্তিতে ₹১১,৮৫,০৬৫.০০ (এগারো লক্ষ পঁচাশি হাজার পঁয়ষট্টি টাকা মাত্র) এবং ০৮.০৩.২০২৬ থেকে তার উপর সুদ সমেত** ইন্ডিয়ান ব্যাঙ্ক, ধূলাগোড়ি ব্রাঞ্চ–এর প্রতি দায় সাপেক্ষ হবে।

সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারা ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

জমির অবিভক্ত সমানুপাতিক অবিভাজ্য অংশ বা স্বার্থ সহ মহালক্ষ্মী কমপ্লেক্স নামে বিল্ডিংয়ের ফোর্থ ফ্লোরে সুপার বিল্ট আপ এরিয়া সহ কমবেশি ৪৫৭ বর্গফুট মাপের লিফটের সুবিধাযুক্ত স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ৪০৩ এর সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, যার অবস্থান: আর এস খতিয়ান নং ৮০৪১, এল আর খতিয়ান নং ৯৫৭০, আর এস দাগ নং ২০৯৭, এল আর দাগ নং ২০৯৮, মৌজা ডোমজুড়, জে এল নং ৩৩, থানা ডোমজুড়, হাওড়া–৭১১৪০৫, ডোমজুড় গ্রাম পঞ্চায়েতের অধীন, ডিএসআর–২, হাওড়া ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার অফিসে বুক নং I, ভলিউম নং ০৫১৩–২০১৮, পৃষ্ঠা ১৮৫২৪ থেকে ১৮৫৫৩ তে নথিভুক্ত ২০১৮ সালের দলিল নং ০৫১৩০০৫৪০।

জমির চৌহদ্দি: উত্তর: ১০ ফুট চওড়া পঞ্চায়েত রাস্তা; **দক্ষিণ:** মালিকের জমি; **পূর্ব:** মালিকের জমি; **পশ্চিম:** মালিকের জমি।

ফ্ল্যাটের চৌহদ্দি: উত্তর: খোলা আকাশ; **দক্ষিণ:** অন্যদের ফ্ল্যাট; **পূর্ব:** খোলা আকাশ; **পশ্চিম:** সিঁড়ি

সম্পত্তিটি **মিঃ অলোক রিট**, পিতা দিলীপ রিট এর নামে।

তারিখ: ২৭.০৫.২০২৬, স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
ইন্ডিয়ান ব্যাঙ্ক